তারিখ 24 JAN 2016
পৃষ্ঠা ১৯ কলাম ৪

# গণহিস্টিরিয়া আতঙ্কে ফরিদপুরে ৫৭ স্কুল বন্ধ

**ফরিদপুর অফিস**

সম্প্রতি ফরিদপুরের দুটি স্কুলে গণহিস্টিরিয়ায় শতাধিক শিক্ষার্থী অসুস্থ হয়ে হাসপাতালে ভর্তি হওয়ায় জেলা প্রশাসন ৫৭টি হাইস্কুল দু'দিনের জন্য বন্ধ ঘোষণা করেছে। শনিবার এ ঘোষণা দেওয়া হয়।

নির্বাহী ম্যাজিস্ট্রেট (এনডিসি) মনদীপ ঘরাই জানান, গত মঙ্গলবার থেকে বৃহস্পতিবার পর্যন্ত সদর উপজেলার শিবরামপুর আরডি একাডেমি ও খলিলপুর উচ্চ বিদ্যালয়ের ১০৩ জন শিক্ষার্থী স্কুল চলাকালীন আক্রান্ত হয়। তাদের ফরিদপুর মেডিকেল কলেজ হাসপাতালে চিকিৎসা দেওয়া হয়। বিষয়টি জানতে পেরে রোগের কারণ অনুসন্ধানে তিন সদস্যের একটি কমিটি করে প্রশাসন। কমিটির সদস্যরা আক্রান্ত কয়েকজন শিক্ষার্থীর শারীরিক পরীক্ষা করেন এবং ওই দুটি স্কুল পরিদর্শন করা হয়। তবে রোগের কারণ নির্ণয় করা যায়নি।

জেলা শিক্ষা কর্মকর্তা পরিমল চন্দ্র মণ্ডল বলেন, আরও পর্যবেক্ষণ ও সতর্কতার জন্য স্কুল বন্ধ ঘোষণা করা হয়েছে। আজ ও কাল স্কুলগুলোতে পাঠদান বন্ধ থাকবে।

> সম্প্রতি আক্রান্ত হয় শতাধিক শিক্ষার্থী

ফরিদপুর মেডিকেল কলেজ হাসপাতালের তত্ত্বাবধায়ক গণপতি বিশ্বাস শুভ জানান, এটা গণ মনস্তাত্ত্বিক রোগ বলে মনে হচ্ছে। ষষ্ঠ শ্রেণী থেকে দশম শ্রেণীর শিক্ষার্থীরা এ রোগে আক্রান্ত হচ্ছে। তাদের বেশির ভাগ ছাত্রী। এ রোগের উপসর্গ হচ্ছে হঠাৎ কোনো একজন শিক্ষার্থীর শ্বাসকষ্ট হয়। তার দেখাদেখি আরেকজনও একই সমস্যায় ভোগে। এভাবে এ রোগ পুরো স্কুলে ছড়িয়ে পড়ে। প্রাথমিক চিকিৎসা হিসেবে শিক্ষার্থীদের শরীরে স্যালাইন ও অক্সিজেন সরবরাহ করা হয়। অনেকেই সুস্থ হয়ে বাড়ি ফিরেছে। মনে হচ্ছে, এ বিষয়টি গুরুতর কিছু নয়। কয়েক দিন গেলেই সব স্বাভাবিক হয়ে যেতে পারে।

রোগের কারণ অনুসন্ধানে গঠিত তদন্ত কমিটির সদস্য নির্বাহী ম্যাজিস্ট্রেট (আরডিসি) এসএম শাহীন বলেন, রোগের কারণ জানতে না পারায় সাময়িকভাবে দুই-একদিন স্কুল বন্ধ রাখার সুপারিশ করেছেন তারা।

এ ছাড়া সংশ্লিষ্ট স্কুলগুলোর আশপাশের পরিবেশ পরিষ্কার পরিচ্ছন্ন রাখার জন্যও সুপারিশ করা হয়েছে।